দৈনিক
ইনকিলাব

তারিখ 1 1 OCT 2002
পৃষ্ঠা ৭ কলাম ৩

## শিক্ষামূলক টিভি চ্যানেল সম্পর্কে

গত সংসদ অধিবেশনে জনৈক এমপি বাংলাদেশে একটি দ্বিতীয় শিক্ষামূলক টিভি চ্যানেলের জন্য প্রশ্ন করেছিলেন। তথ্যমন্ত্রী উত্তরে জানান যে, প্রশ্নটি পত্রিকাসংশ্লিষ্ট। দ্বিতীয় একটি শিক্ষামূলক টিভি চ্যানেল করতে হলে ৫০ কোটি টাকার প্রয়োজন। বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে। এ প্রসঙ্গে আপনাকে জানাতে চাই, বাংলাদেশে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুরে প্রায় ষাট কোটি টাকা ব্যয়ে অত্যাধুনিক একটি মিডিয়া সেন্টার তৈরী করা আছে. যা থেকে শিক্ষামূলক অনুষ্ঠান তৈরী ও দেশব্যাপী প্রচার করা হচ্ছে বিটিভি'র মাধ্যমে। কিন্তু বিটিভি নির্দিষ্ট সময় বেঁধে দেয়ায় এই অনুষ্ঠান প্রতিদিন সর্বোচ্চ মাত্র ২৫ মিনিট প্রচার করা হয়। অথচ এই মিডিয়া সেন্টারের মাধ্যমে ১২ থেকে ১৮ ঘণ্টার অধিক অনুষ্ঠান চালানো সম্ভব। সরকারী অনুমোদন সাপেক্ষে বিটিভির সহযোগিতায় টেরিস্টেরিয়াল সম্প্রচারের মাধ্যমে আলাদা শিক্ষামূলক চ্যানেল প্রতিষ্ঠা সম্ভব। এই মিডিয়া সেন্টারে অডিও ও ভিডিও ট্রান্সমিশন থাকার ফলে একটি দ্বিতীয় শিক্ষামূলক টিভি চ্যানেল তৈরী করতে সরকারকে তেমন কোন অর্থ ব্যয় করতে হবে না। সরকার বিটিভি ও বাউবি কর্তৃপক্ষের সহযোগিতায় মিডিয়া সেন্টার থেকে দৈনিক শিক্ষামূলক অনুষ্ঠান ও পাশাপাশি কিছু শিক্ষামূলক চিত্তবিনোদনের অনুষ্ঠান তৈরী করতে পারেন। বাউবি কর্তৃপক্ষ বেসরকারী বিভিন্ন চ্যানেলে এই মিডিয়া স্টুডিও ভাড়া প্রদান করে আর্থিকভাবে লাভবান হতে পারেন। ইতোমধ্যে বাংলাদেশের অনেক প্রাইভেট টিভি চ্যানেল চালু হয়েছে এবং কিছু প্রাইভেট টিভি চ্যানেল চালুর চেষ্টা চলছে। এসব চ্যানেল বাউবি কর্তৃপক্ষকে নির্ধারিত ভাড়া প্রদান করে এই মিডিয়া সেন্টারের স্টুডিও ব্যবহার করে বিভিন্ন আন্তর্জাতিক মানের অনুষ্ঠান নির্মাণ করতে পারেন। মাননীয় তথ্যমন্ত্রী মহোদয়, বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিষয়টির প্রতি গুরুত্ব দেবেন আশা করি।

–রশিদুল গনি,
৫/৬ পল্লবী,
ঢাকা-১২২১।